

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুলাই ২০, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ০২ শ্রাবণ ১৪২১/১৭ জুলাই ২০১৪

নং ০৮.০০.০০০০.৮২১.৬২.০২২.১৩-২৫৯—সম্প্রতি ফিলিস্তিনের গাজা উপত্যকায় ইসরাইল ফিলিস্তিনিদের ওপর নির্বিচারে বোমা বর্ষণের মাধ্যমে নারী ও শিশুসহ বেসামরিক জনগোষ্ঠীর ওপর হামলা চালাচ্ছে। এ হামলায় এ পর্যন্ত প্রায় ২০০ ফিলিস্তিনি নিহত হয়েছে এবং তাদের সম্পত্তির ব্যাপক ক্ষতি সাধিত হয়েছে। এ মর্মান্তিক ঘটনা মানবাধিকার লঙ্ঘনের নিকৃষ্ট উদাহরণ। বিশেষত, পবিত্র রমজান মাসে এরূপ ধ্বংসায়জ্ঞ সংঘটন অত্যন্ত দুঃখজনক। ফিলিস্তিনের জনগণ ও সম্পদের ওপর এ ধরনের অমানবিক হামলা আন্তর্জাতিক শান্তি ও স্থিতিশীলতার প্রতি হৃষিকস্বরূপ।

- ২। ফিলিস্তিনিদের ন্যায়সঙ্গত দাবির প্রতি বাংলাদেশের পূর্ণ সমর্থন রয়েছে। বাংলাদেশের সরকার ও জনগণ সর্বদাই ফিলিস্তিনি সরকার ও জনগণের পাশে থাকবে।
- ৩। ফিলিস্তিনের নিরীহ জনগণের ওপর ইসরাইলের হামলার জন্য গভীর উদ্দেগ প্রকাশ ও ইসরাইলি আগ্রাসনের বিরুদ্ধে তৈরি নিন্দা জ্ঞাপন করে এবং অন্তিবিলম্বে এ হামলা বন্ধের লক্ষ্যে ইসরাইলের ওপর চাপ সৃষ্টির জন্য আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি আহ্বান জানিয়ে মন্ত্রিসভার ৩০ আষাঢ় ১৪২১/১৪ জুলাই ২০১৪ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়েছে।
- ৪। মন্ত্রিসভার ৩০ আষাঢ় ১৪২১/১৪ জুলাই ২০১৪ তারিখের বৈঠকে গৃহীত নিন্দা প্রস্তাব সকলের জ্ঞাতার্থে প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোহাম্মদ মোশাররাফ হোসাইন ভূট্টো
মন্ত্রিপরিষদ সচিব।

(১৬৩৪৭)

মূল্য : টাকা ৪.০০

মন্ত্রিসভার নিম্ন প্রস্তাব

ঢাকা : ৩০ আষাঢ় ১৪২১
১৪ জুলাই ২০১৪

সম্প্রতি ফিলিস্তিনের গাজা উপত্যকায় ইসরাইল ফিলিস্তিনিদের ওপর নির্বিচারে বোমা বর্ষণের মাধ্যমে নারী ও শিশুসহ বেসামরিক জনগোষ্ঠীর ওপর হামলা চলাচ্ছে। এ হামলায় এ পর্যন্ত প্রায় ২০০ ফিলিস্তিনি নিহত হয়েছে এবং তাদের সম্পত্তির ব্যাপক ক্ষতি সাধিত হয়েছে। এ মর্মান্তিক ঘটনা মানবাধিকার লঙ্ঘনের নিকৃষ্ট উদাহরণ। বিশেষত, পৰিত্র রমজান মাসে এরূপ ধ্বংসযজ্ঞ সংঘটন অত্যন্ত দুঃখজনক। ফিলিস্তিনের জনগণ ও সম্পদের ওপর এ ধরনের অমানবিক হামলা আন্তর্জাতিক শান্তি ও স্থিতিশীলতার প্রতি হৃষকিস্বরূপ।

ফিলিস্তিনিদের ন্যায়সংস্কৃত দাবির প্রতি বাংলাদেশের পূর্ণ সমর্থন রয়েছে। বাংলাদেশের সরকার ও জনগণ সর্বদাই ফিলিস্তিনি সরকার ও জনগণের পাশে থাকবে।

ফিলিস্তিনের নিরীহ জনগণের ওপর ইসরাইলের হামলার জন্য মন্ত্রিসভা গভীর উদ্দেগ প্রকাশ করে ইসরাইলি আগ্রাসনের বিরুদ্ধে তৈরি নিম্ন জ্ঞাপন করছে এবং অন্তিবিলম্বে এ হামলা বন্ধের জন্য ইসরাইলের ওপর চাপ সৃষ্টির জন্য আন্তর্জাতিক সম্পদায়ের প্রতি আহ্বান জানাচ্ছে।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

আব্দুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd